

Thirteen years of seeking justice for the victims of 26/11 Mumbai terror attacks

November 26, 2021

26/11 মুম্বাই সন্ত্রাসী হামলার শিকার হওয়া মানুষদের জন্য বিচারের অপেক্ষায় 13 বছর

নভেম্বর 26, 2021

26/11 মুম্বাই সন্ত্রাসী হামলার 13তম বার্ষিকীতে ভারতের সরকার ও জনগণ এই জঘন্য আক্রমণের শিকার এবং বীর নিরাপত্তা কর্মী যারা আমাদের প্রাণ রক্ষার জন্য তাদের জীবন বলিদান দিয়েছেন দুঃখের সাথে তাদের স্মরণ করে।

আলাদা আলাদা বার্তায় রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং বিদেশ মন্ত্রী নিহতদের পরিবারের প্রতি তাদের দৃঢ় সংহতি ব্যক্ত করেছেন।

মুম্বাইয়ের পুলিশ মেমোরিয়ালে মহারাষ্ট্র রাজ্য সরকার আজ এর আগে একটি গাঙ্ঘীর্যপূর্ণ স্মারক অনুষ্ঠানের আয়োজন করেছিল।

ভারতে পাকিস্তানের হাইকমিশনের একজন উর্দ্ধতন কূটনীতিককে আজ বিদেশ মন্ত্রক তলব করেছে। একটি নোট ভারেল মুম্বাই সন্ত্রাসী হামলার মামলায় দ্রুত বিচারের জন্য ভারতের আহ্বানকে পুনর্ব্যক্ত করে এবং পাকিস্তান সরকারকে ভারতের বিরুদ্ধে সন্ত্রাসবাদের জন্য তার নিয়ন্ত্রণাধীন অঞ্চলগুলিকে অনুমতি না দেওয়ার প্রতিশ্রুতি মেনে চলার আহ্বান জানিয়ে তার হাতে তুলে দেওয়া হয়েছে।

এই হামলায় অন্যান্য চোদ্দটি দেশ তাদের নাগরিকদের হারিয়েছে। এই দেশগুলিতে ভারতীয় মিশনগুলি সন্ত্রাসবাদের অব্যাহত বৈশ্বিক হুমকির কথা বিশ্বকে স্মরণ করিয়ে, জাতীয় এবং বিদেশী উভয় ক্ষেত্রেই নিহতদের স্মরণে স্মারক অনুষ্ঠানের আয়োজন করেছে। আয়োজক সরকারের উর্দ্ধতন সরকারি প্রতিনিধিরা, ক্ষতিগ্রস্তদের পরিবারের সদস্যরা এবং বেঁচে যাওয়া ব্যক্তিরা এই গৌরবময় অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

এটি একটি গভীর বেদনার বিষয় যে এই জঘন্য সন্ত্রাসী হামলার 13 বছর পরেও, বিশ্বের 15টি দেশের 166 ভুক্তভোগীর পরিবার এখনও বিচার শেষের অপেক্ষায় রয়েছে, পাকিস্তান অপরাধীদের বিচারে আনতে সামান্য আন্তরিকতা দেখিয়েছে।

26/11 র সন্ত্রাসী হামলাটির ছক, পরিচালনা এবং শুরু হয়েছিল পাকিস্তানি ভূখন্ড থেকে। রেকর্ডে রয়েছে পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী স্বীকার করেছিলেন যে সন্ত্রাসবাদীদের পাকিস্তানের ভূখন্ড থেকে পাঠানো হয়েছিল। আমরা আবারও একবার পাকিস্তান সরকারকে দ্বি-মান পরিত্যাগ করার এবং এই ভয়াবহ হামলার দোষীদের বিচারের সামনে আনার জন্য আহ্বান জানাচ্ছি। এটা

শুধুমাত্র শিকার হওয়া নিরীহ পরিবারগুলির প্রতি পাকিস্তানের জবাবদিহির বিষয় নয়, বরং একটি আন্তর্জাতিক বাধ্যবাধ্যকতাও বটে।

ভারত সরকার ভুক্তভোগী এবং শহিদদের পরিবারের প্রতি ন্যায়বিচার পাওয়ার সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাবে।

নিউ দিল্লি

নভেম্বর 26, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.